

(প্রেস বিজ্ঞপ্তি)

০৩ নভেম্বর'২০২৩খ্রি.

রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবকরা মানুষের কল্যাণে প্রতিনিয়ত কাজ করছে : সিটি মেয়র

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিট আয়োজনে যুব রেড ক্রিসেন্ট, চট্টগ্রাম এর সহযোগিতায় গত ৩রা নভেম্বর ডেঙ্গু প্রতিরোধে রেড ক্রিসেন্টের পরিচালনায় সচেতনতা লিফলেট বিতরণ ও মাইকিং এর মাধ্যমে উদ্বোধন হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র ও চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মো: রেজাউল করিম চৌধুরী। চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্ট ইউনিট এর সেক্রেটারি আবদুল জব্বার এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন চসিকের ওয়ার্ড কাউন্সিলর মোঃ এসরাবুল হক, যুব রেড ক্রিসেন্ট চট্টগ্রাম এর যুব প্রধান ইস্তাকুল ইসলাম চৌধুরী ইশান সহ পূর্ব যোলশহরওয়ার্ড সমূহের গণমান্য ব্যক্তিবর্গ। সিটি মেয়র বলেন, দেশের যেকোন ক্লান্তি লগ্নে রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবকরা সব সময় মানুষের পাশে দাঁড়িয়েছে। মানুষের সেবার ধর্ম নিয়ে রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবকরা ডেঙ্গু প্রতিরোধে প্রথম থেকে সচেতন করার কার্যক্রম চলমান রেখেছে। আমাদের সকলকে স্ব স্ব অবস্থান থেকে এগিয়ে এসে ডেঙ্গু প্রতিরোধ করতে হবে। উল্লেখ্য যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন ২০ টি ওয়ার্ডে যুব রেড ক্রিসেন্ট চট্টগ্রাম এর স্বেচ্ছাসেবকরা সচেতনতা মূলক মাইকিং ও লিফলেট বিতরণ করবে।

৫ কর্মকর্তার বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে : মেয়র দক্ষ ও যোগ্য কর্মকর্তাদের মাধ্যমে প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, দক্ষ ও যোগ্য কর্মকর্তা একটি প্রতিষ্ঠানের চালিকা শক্তি। এবং তাদের যোগ্য নেতৃত্বে অন্যরা সঠিক পথে পরিচালিত হয়। এতেই প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পায়। অবসর জনিত কারণে আমাদের দক্ষ পাঁচ কর্মকর্তাকে বিদায় জানাতে হচ্ছে। গতকাল সন্ধ্যায় নগরীর একটি রেস্টুরেন্টে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পাঁচ কর্মকর্তার বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। পাঁচ কর্মকর্তার অবসরজনিত বিদায় উপলক্ষে শুভেচ্ছা ও সম্মাননা অনুষ্ঠানের আয়োজন করে চসিক। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার শেখ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিদায়ী কর্মকর্তাগণ সুদীর্ঘ চাকরিজীবনের স্মৃতিচারণামূলক আবেগঘন বক্তব্য রাখেন। পরে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী ক্রেস্ট ও উপহার তুলে দেন এবং তাদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। অনুষ্ঠান উপস্থিত ছিলেন-চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় ও শাখা প্রধানগণ সহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮